ইত্তেফাক

তারিখ ... 13.2.86 ...
পৃষ্ঠা ... 12 কলাম ... 3 ...

# মাদ্রাসায় সরকারী অনুদান ১৫০ কোটি টাকা বৃদ্ধি পাইবে

(ইত্তেফাক রিপোর্ট)

আগামী অর্থ বছরে (১৯৮৬-৮৭) সামগ্রিকভাবে বেসরকারী বিদ্যালয়, মহাবিদ্যালয় ও মাদ্রাসার জন্য সরকারী অনুদানের পরিমাণ বর্তমান বছরের তুলনায় প্রায় ১০০ কোটি টাকা বৃদ্ধি পাইয়া ২৫০ কোটি টাকায় উন্নীত হইবে বলিয়া শিক্ষা সচিব কাজী জালালউদ্দিন আহমদ জানান। গতকাল (বুধবার) বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতির (আমানুল্লাহ-শাহ) বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণে তিনি বলেন, আগামী জুলাই মাস হইতে শিক্ষকদের অনুদানের প্রাপ্য অর্থ মাসে মাসে দেওয়ার ব্যবস্থা করা হইবে। সেলফ ড্রয়িং অফিসার সংক্রান্ত বিষয়টি প্রথমে একটি জেলায় পরীক্ষামূলকভাবে পর্যবেক্ষণ করিয়া দেখা হইবে।

সম্মেলনে বিশেষ অতিথির ভাষণে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব আলহাজ মাওলানা এম, এ, মান্নান বলেন: "আমি কোনদিন কাহারও নিকট চাঁদা চাই নাই—চাঁদার সমিতি আমি করি না। আমরা কাহারও অনুগ্রহে থাকি না, অনেকে আমাদের অনুগ্রহে থাকে। নিজের জন্য কিছুই করি নাই—সরকার হইতে একটি টিকিট নিয়াও কখনও বিদেশ যাই নাই—আমার কাছ হইতে টিকেট লইয়া বছরে ২৫০/৩০০ লোক পেট্রো ডলারের দেশে যায় আমাদের সমিতি কোন রাজনৈতিক দলকে সমর্থন করে না—প্রেসিডেন্ট এরশাদ সমিতির চেয়ারম্যান তাই তাঁহার কাছে যাই।"

সম্মেলনে সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়াও বক্তৃতা করেন বিশেষ অতিথি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালক ডঃ এ, এইচ, এম, করিম এবং ফেডারেশন নেতা কাজী ফারুক, শহীদুর রহমান প্রমুখ। সকাল ১০টায় সম্মেলন উদ্বোধনের কথা থাকিলেও দুপুর ১টার পরে সম্মেলন শুরু হয়।